SATISH CHANDRA MEMORIAL SCHOOL

Pre - MidTerm Examination (2022 - 23)

Std - II

Subject - Bengali

Time : 2 hours   Maximum Marks – 50

Name ____Sec _______Roll _____

Invigilator's sign ______________________________ Date _____________

বিভাগ - ক (Reading)

Case Study (1)   **1x5=5**

নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তরে টিক(✓) চিহ্ন দাও।

প্রতিদিন আমি ঘুম থেকে উঠে দেখি একটা ছোট্ট সুন্দর নীল - হলুদ রঙের পাখি আমাদের জানালার বাইরে এসে বসে। আমাকে রোজ স্কুলের জন্য তৈরি হতে দেখে। আমি ওকে দেখে ভীষণ খুশি হই। কিন্তু ওর মতন উড়তে পারি না বলে আমার আবার দুঃখ হয়। আজ স্কুল থেকে ফিরে আমি ফুটবল খেলতে যাব, কারণ আগামীকাল রবিবার; আমার স্কুল ছুটি।

১)পাখিটির গায়ের রং কেমন?

ক) নীল হলুদ   খ) লাল নীল   গ) হলুদ সাদা   ঘ) সবুজ নীল

২) অখুশি শব্দটির বিপরীত শব্দ কী?

ক) সুন্দর   খ) দুঃখ   গ) খুশি   ঘ) কুৎসিত

৩) প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে আমি কি দেখি?

ক) একটি পাখি   খ) বিড়াল ছানা   গ) হনুমান   ঘ) কুকুর ছানা

৪) আমি কোন্ দিন ফুটবল খেলতে যাব?

ক) রবিবার   খ) সোমবার   গ) শনিবার   ঘ) মঙ্গলবার

৫) পাখিটি কোথায় এসে বসে?

ক) দরজার বাইরে   খ) জানালার বাইরে   গ) স্কুলের বাইরে   ঘ) ছাদের ওপরে

Case Study (2) 1x5=5

নিচে দেওয়া ছবি দেখে প্রশ্নগুলির সঠিক উত্তরে টিক (✓)চিহ্ন দাও।

১) এটি একটি ____________ছবি।

ক) শহরের খ) পার্কের গ) বাগানের ঘ)গ্রামের

২) কতগুলি পাখি আকাশে উড়ছে?

ক) তিনটি খ) চারটি গ)পাঁচটি ঘ)ছয়টি

৩) জলাশয়ে কোন্ পাখি দেখতে পাচ্ছো?

ক) মুরগি খ) হাঁস গ) পায়রা ঘ)টিয়া

৪) যে নৌকা চালায় তাকে কি বলে?

ক) মাঝি খ) পুলিশ গ)মালি ঘ) জেলে

৫) শূন্যস্থানে সঠিক শব্দ বসাও।

জলাশয়ে _________ ফুল দেখা যাচ্ছে।

ক) গোলাপ খ) টগর গ) জবা ঘ) পদ্ম

বোধ পরীক্ষণ **1x10=10**

নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তরে টিক(✓) চিহ্ন দাও।

একটা বন ছিল। সেই বনে একটা খরগোশ বাস করত। বনের অনেক পশুর সঙ্গে তার বন্ধুত্ব ছিল। এজন্য সে গর্ব করে বলতো তার অনেক বন্ধু আছে। একদিন সকালে সেই বনে এক শিকারী ঢুকলো ,একটি শিকারী কুকুর নিয়ে। শিকারী কুকুরকে খরগোশ খুব ভয় পায়। খরগোশ শিকারী কুকুর দেখে প্রথমে দৌড়ে গেল বুনো ঘোড়ার কাছে, বলল আমাকে তোমার পিঠে নিয়ে দূরে কোথাও রেখে এসো। বুনো ঘোড়া বলল আমার একটা জরুরী কাজ আছে ,তুমি বুনো মোষের কাছে যাও। বুনো মোষ বলল আমাকে এক্ষুনি এক জায়গায় যেতে হবে তুমি ষাঁড়ের কাছে যাও। কিন্তু ষাঁড়ও তাকে সাহায্য করল না। ইতিমধ্যে খরগোশ শিকারী কুকুরের পায়ের শব্দ শুনতে পেল। খুব ভয় পেয়ে গিয়ে সে ভাবল বাঁচতে হলে নিজের চেষ্টায় বাঁচতে হবে। এই ভেবে সে খুব জোরে দৌড়াতে লাগলো। গভীর বনের মধ্যে একটা গুহার ভেতরে ঢুকে সে নিজের প্রাণ বাঁচালো।

১) খরগোশের সঙ্গে বনের পশুদের কেমন সম্পর্ক ছিল?

ক) বন্ধুত্ব খ) বন্ধুত্ব ছিলনা গ) অমিল ঘ) রাগারাগি

২) খরগোশ প্রাণ বাঁচাতে প্রথমে কার কাছে গেল?

ক) বুনো মোষ খ) হাতি গ) বুনো ঘোড়া ঘ) ষাঁড়

৩) শিকারী কি নিয়ে বনে ঢুকলো?

ক) বন্দুক খ) চাবুক গ) শিকারী কুকুর ঘ) লাঠি

৪) গল্পটিতে কোন্ কোন্ পশুর কথা পড়েছ?

ক) শিকারী কুকুর, খরগোশ , ষাঁড়, বুনো ঘোড়া, বুনো মোষ।

খ) হাতি ,হনুমান, ষাঁড় ,ঘোড়া , ইঁদুর।

গ) শিকারী কুকুর ,জিরাফ ,বুনো মোষ ,বুনো ষাঁড়, খরগোশ ।

ঘ) ইঁদুর ,বুনো মোষ ,ঘোড়া , শিকারী কুকুর ,বুনো ষাঁড়।

৫) কাছে শব্দটির বিপরীত শব্দ হলো _________।

ক) সামনে খ) আস্তে গ) বাইরে ঘ) দূরে

৬) খরগোশ কাকে ভয় পায়?

ক) বুনো ঘোড়া খ) শিকারী কুকুর গ) বুনো মোষ ঘ) ষাঁড়

৭) গল্পটি পড়ে কি শিখলে?

ক) বিপদে পড়লে নিজের ওপর ভরসা রাখা উচিত।

খ) বিপদে পড়লে বাঁচার চেষ্টা করতে নেই।

গ) বিপদে পড়লে অন্যের ওপর ভরসা রাখা উচিত।

ঘ) বিপদে পড়লে নিজের ওপর ভরসা রাখা উচিত নয়।

৮) খরগোশ গর্ব করে কি বলতো?

ক) তার কোনো বন্ধু নেই। খ) সে দৌড়াতে পারে না।

গ) সে দেখতে খুব সুন্দর। ঘ) তার অনেক বন্ধু আছে।

৯) খরগোশ প্রাণ বাঁচাতে কোথায় আশ্রয় নিয়েছিল?

ক) গাছের উপর খ) গুহার ভেতর গ) পুকুর পাড়ে ঘ) বাড়ির ছাদে

১০) বুনো ঘোড়া খরগোশকে কি বলল?

ক) আমি এখন ঘুমাবো। খ) আমার একটা জরুরী কাজ আছে।

গ) আমি ঘাস খেতে যাব। ঘ) আমি নদীর ধারে যাব।

বিভাগ - খ (Grammar) **1x10=10**

সঠিক উত্তরে টিক(✓) চিহ্ন দাও।

১) লিঙ্গ শব্দটির অর্থ হলো ____________।

ক) চিহ্ন খ) শব্দ গ) অর্থ ঘ) বাক্য

২) সমার্থক শব্দের অপর নাম কি?

ক) নিঃশব্দ খ) প্রতিশব্দ গ) যুক্তবর্ণ ঘ) লক্ষণ

৩) কোন্ বাক্যটি সঠিক?

ক) আমি মাঠে ফুটবল খেলি।   খ) ফুটবল মাঠে খেলি আমি।

গ) মাঠে খেলি ফুটবল আমি।   ঘ) খেলি আমি ফুটবল মাঠে।

৪) ' ল্প ' যুক্ত সঠিক শব্দ কোনটি?

ক) লোল্প   খ) আল্প   গ) সল্পো,   ঘ) গল্প

৫)পাহাড় শব্দটির একটি সমার্থক শব্দ হলো ___________।

ক) বৃক্ষ   খ)পর্বত   গ) গগন   ঘ) বাতাস

৬) নিচে দাগ দেওয়া শব্দটির বিপরীত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো।

গরমকালে দিন বড় এবং _________ছোট হয়।

ক) সকাল   খ) বিকেল   গ) রাত   ঘ) সন্ধ্যা

৭) যে সকল শব্দ কোনো একটি শব্দের সমান বা একই অর্থ প্রকাশ করে তাদের কি বলে?

ক) লিঙ্গ   খ) সমার্থক শব্দ   গ) বিপরীত শব্দ   ঘ) বচন

৮) দেব শব্দটির লিঙ্গ পরিবর্তন করলে কী হয়?

ক) দেবতা   খ) দেবী   গ) দেবত্ব   ঘ) দেবলোক

৯) যে সকল শব্দ পুরুষজাতীয় প্রাণীকে বোঝায় তাদের কোন্ লিঙ্গ বলে?

ক) পুংলিঙ্গ   খ) স্ত্রীলিঙ্গ   গ) ক্লীবলিঙ্গ   ঘ) উভয়লিঙ্গ

১০) সঠিক বানান কোনটি?

ক) দিদিমণি   খ) দীদিমনি   গ) দিদিমোনি   ঘ) দীদিমনী

<u>বিভাগ - গ</u>

<u>Writing (রচনা)</u>



১) এই পাখিটিকে ঝাড়ুদার পাখি বলা হয়।এই পাখিটির সম্পর্কে ছয়টি লাইন লেখো। **3**

বিভাগ – ঘ

গদ্যাংশ ও পদ্যাংশ (Literature)

১) নীচের প্রশ্নগুলির সঠিক উত্তর লেখো। **2x2=4**

ক) ঝিনেদার জমিদারের নাম কি? সে কি পুষেছিল?

উত্তর : ____

____

____

খ) আনন্দবাবুর মস্ত বাগান কোথায়? সুমন্তদা কি পছন্দ করে না?

উত্তর : ____

____

____

____

২)সঠিক উত্তরের পাশে ঠিক লেখো ও ভুল উত্তরের পাশে ভুল লেখো। **2**

ক) মুরগিগুলো জলে চলে আঁকাবাঁকা রকমে। ______________

খ) পায়রা জমায় সভা বক্ - বক্ বক্‌মে। ____________

৩) 'ক' বিভাগের সাথে 'খ' বিভাগের মিল করো। **½x4=2**

ক	**খ**
i) উঠোন	i) নিয়ম
ii) রীতি	ii) আঙিনা
iii) সমস্ত	iii)বড়ো
iv) মস্ত	iv) সমুদয়

৪) শূন্যস্থান পূরণ করোঃ **½x6=3**

________ ___________

বিস্কুট।

মুঠ ___________

বিস্কুট।

যেথা রাখি

_______________,

সেথা করে

___________ !_____________!

৫)ক) ঝিনেদার জমিদার থেকে এমন একটি পাখির নাম লেখো, যার ডিম আমরা খেয়ে থাকি। **1**

উত্তর : ____

৫)খ) উপরের ছবিটি কার ছবি? তোমাদের কোন্ কবিতায় এনার নাম পেয়েছ? **2**

উত্তর : ____

____

৬) নীচের বাক্যগুলিকে ক্রমানুসারে সাজাও।(Sequencing) **½x6=3**

( ) দিদিমণি তাদের বুঝিয়ে দেন গাছ মানুষের কত উপকার করে।

( ) তবে এক একদিন তার মন্দ কাটে না।

( ) সাথে থাকেন তাদের দিদিমণি।

( ) বাগানে পোঁতার বন্দোবস্ত করে।

( ) এসব তাদের হাতের কাজে লাগে।

( ) সে বিস্তর গাছের চারা ও বীজ আনে।